ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



শাহরুখের বিরুদ্ধে অভিনয় নকল করার অভিযোগ
পৃঃ ৫



টেস্ট দলের সংখ্যা কমানোর মত দিলেন শাস্ত্রী
পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ১৯৩ ● কলকাতা ● ৩১ আষাঢ়, ১৪৩১ ● মঙ্গলবার ● ১৬ জুলাই, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## প্রচলিত ধারণা রয়েছে,
## জগন্নাথের সেই রত্নভান্ডার আগলে রেখেছে সাপ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ৪৬ বছর পর রবিবার সেই রত্নভান্ডার খোলা হয়েছিল। তাতে প্রবেশ করে ওড়িশা সরকারের তৈরি ১১ জন প্রতিনিধির একটি দল। ওই দলের সভাপতি ওড়িশা হাই কোর্টের বিচারপতি বিশ্বনাথ রথ। রত্নভান্ডারে সাপের অস্তিত্ব নিয়ে তিনিই সব প্রশ্নের উত্তর দেন।এই প্রসঙ্গে বিবৃতি দিয়েছে ওড়িশার বিজেপি সরকার। সমাজমাধ্যমে পোস্ট করা সেই বিবৃতিতে বলা হয়েছে, "প্রভু জগন্নাথের ইচ্ছায় ওড়িয়ারা ওড়িয়া অস্মিতার পরিচয় নিয়ে এগিয়ে চলেছেন। এর আগে আপনাদের ইচ্ছায় জগন্নাথ মন্দিরের চারটি দরজা খোলা হয়েছিল। এ বার ৪৬ বছর পর আপনাদের ইচ্ছাতেই রত্নভান্ডারের দরজা খোলা হয়েছে।''সাংবাদিকদের জানান, ভিতরে সাপ দেখা যায়নি।

চাবি না পেয়ে রবিবার পুরীর মন্দিরে রত্নভান্ডারের ভিতরের কক্ষে তালা ভেঙে প্রবেশ করে ১১ জন সদস্যের দল। বিচারপতি রথ জানিয়েছেন, জেলাশাসক এবং অন্য আধিকারিকদের উপস্থিতিতে ভাঙা হয়েছে তালা। প্রচলিত ধারণা রয়েছে, জগন্নাথের সেই রত্নভান্ডার আগলে রেখেছে সাপ। সাংবাদিকেরা সেই নিয়েই প্রশ্ন করেন। জবাবে বিচারপতি রথ জানান, এ রকম কিছুই ছিল না। তাঁর কথায়, "রত্নভান্ডারে যে দলটি প্রবেশ করেছিল, তাতে সাত থেকে আট জন মন্দির কমিটির সদস্যও ছিলেন। বহুদা যাত্রা শুরু হয়েছে বলে তাঁরা ব্যস্ত ছিলেন। সে কারণে আমরা ভাল করে খতিয়ে দেখার এবং সব রত্ন সরানোর সময় পাইনি। বিগ্রহের অলঙ্কার, রত্ন সরানোর জন্য অন্য একটি দিন নির্ধারণ করা হয়েছে।"শ্রী জগন্নাথ মন্দির প্রশাসন (এসজেটিএ)-এর প্রধান অরবনিন্দা পাঢ়ি জানিয়েছেন, বাইরের রত্নকক্ষের চাবি রাখা ছিল পুরীর রাজা গজপতি

এরপর ৩ পাতায়

### পিএইচডির স্বপ্ন পূরণ করতে
## আরও কিছুটা এগিয়ে গেলেন মাওবাদী নেতা অর্ণব দাম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : অবশেষে পিএইচডি-র জন্য কাউন্সেলিং হতে চলেছে মাওবাদী নেতা অর্ণব দামের। বর্ধমান বিশ্ববিদ্যালয় সূত্রে খবর, আজ অর্থাৎ সোমবারই শুরু হবে ভর্তির প্রক্রিয়া। রবিবার হুগলির সংশোধনাগার থেকে বর্ধমান কেন্দ্রীয় সংশোধনাগারে নিয়ে আসা হল অর্ণব ওরফে বিক্রমকে। সংশোধনাগার সূত্রে খবর, কারামন্ত্রী অখিল গিরির তরফ থেকে সশরীরে উপস্থিত থেকে ক্লাস করার অনুমোদন মিলেছে। সেই অনুমোদন পাওয়ার পরই, রবিবার অর্ণবকে নিয়ে আসা হয় বর্ধমান কেন্দ্রীয় সংশোধনাগারে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের তরফে বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়েছে,আজ সোমবার ইতিহাস বিভাগে ভর্তির প্রক্রিয়া শুরু হবে। সব ঠিক থাকলে অর্ণবকে দিয়েই শুরু হবে কাউন্সেলিং প্রক্রিয়া।

আরও এক ধাপ এগিয়ে,

এরপর ৩ পাতায়

### দুই পক্ষের সওয়াল জবাব শোনার পর রাজ্যপাল বনাম মুখ্যমন্ত্রীর
## মামলার শুনানি মুলতুবি রাখলেন বিচারপতি কৃষ্ণা রাও



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন** : সোমবার রাজ্যপাল বনাম মুখ্যমন্ত্রী মামলার শুনানি শেষ হয় হাইকোর্টে। দুই পক্ষের সওয়াল জবাব শোনার পর বিচারপতি শুনানি মুলতুবি রেখেছেন। দুই বিধানসভা কেন্দ্রের জয়ী তৃণমূল প্রার্থীর শপথ টানাপোড়নের মধ্যেই মুখ্যমন্ত্রী রাজ্যপাল কে নিশানা করে বলেন " রাজভবনে যা কীর্তিকলাপ চলছে তাতে মেয়েরা যেতে ভয় পাচ্ছেন। ওঁর রাজভবনে ওঁর রাজভবনে কেন সবাই যাবে" । এই ঘটনার পর গত ২৯ শে জুন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে মানহানির মামলার হুঁশিয়ারি দেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। পরে ২জুলাই কলকাতা হাইকোর্টের বিচারপতি কৃষ্ণা রাওয়ের এজলাসে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে মানহানির মামলা দায়ের করেন রাজ্যপাল। এই মামলায় মুখ্যমন্ত্রীর আইনজীবী জানান রাজ্যপালের সম্মানহানি হবার মতো এমন কোন মন্তব্য করা হয়নি। যদি সম্মানহানি না হয় তাহলে অন্তর্বর্তী নির্দেশ জারির প্রয়োজন নেই। মুখ্যমন্ত্রীর আইনজীবী আরো জানান রাজ্যপালের কারণেই একজন জনপ্রতিনিধি তার দায়িত্ব পালন করতে পারছেন না বলে অভিযোগ। এটাতে কি সম্মানানী হয়? এছাড়া রাজভবনে যে ঘটনা ঘটেছে বলে অভিযোগ সেই ঘটনা ইতিমধ্যেই প্রকাশ্যে এসেছে। তাতে রাজ্যপাল কোন জায়গায় চ্যালেঞ্জ করেননি। এই বিষয়ে মুখ্যমন্ত্রী বলেছেন মহিলারা রাজভবনে যেতে ভয় পাচ্ছেন। পাশাপাশি রাজ্যপালের আইনজীবী বলেছেন " বিভিন্ন বিল নিয়ে রাজ্যপালের সঙ্গে রাজ্যের সংঘাত চলছে। তাই রাজ্যপালের বিরুদ্ধে এই অভিযোগ উদ্দেশ্যপ্রণোদিত ও বিদ্বেষমূলক। সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় জানাতে পারতেন যে তিনি রাজভবনে যেতে ভয় পাচ্ছেন। সেটা তিনি করেননি " । রাজ্যপালের

এরপর ৩ পাতায়




পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি
তথ্য ও সংস্কৃতি বিভাগ □ পশ্চিমবঙ্গ সরকার
১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা – ৭০০০২০

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে
৫ টি আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালা

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি আগামী আগস্ট থেকে সেপ্টেম্বর ২০২৪-এর মধ্যে রাজ্যের ৫টি স্থানে একটি করে ৫দিনের আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। আগ্রহীরা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবকে উদ্দেশ্য করে আবেদন জানাতে পারেন।কর্মসূচি এবং নিয়মাবলি বিশদে নীচে দেওয়া হল।

| ক্রমিক সংখ্যা | বিভাগের নাম | তারিখ | স্থান | বিভাগের অন্তর্গত জেলা | সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | মালদা বিভাগ | ১২ – ১৬ আগস্ট ২০২৪ | বহরমপুর | উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ | বহরমপুর ০২.০৮.২০২৪ |
| ২ | প্রেসিডেন্সি বিভাগ | ১৭ – ২১ আগস্ট ২০২৪ | বারুইপুর | কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া | আলিপুর (কলকাতা) ০৮.০৮.২০২৪ |
| ৩ | জলপাইগুড়ি বিভাগ | ২৮ আগস্ট – ০১ সেপ্টেম্বর ২০২৪ | কোচবিহার | আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং | কোচবিহার ০৫.০৮.২০২৪ |
| ৪ | বর্ধমান বিভাগ | ০৯ – ১৩ সেপ্টেম্বর ২০২৪ | বর্ধমান | পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, বীরভূম | পূর্ব বর্ধমান ০৯.০৮.২০২৪ |
| ৫ | মেদিনীপুর বিভাগ | ১৮ – ২২ সেপ্টেম্বর ২০২৪ | ঝাড়গ্রাম | বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া | ঝাড়গ্রাম ২২.০৮.২০২৪ |

যোগ্যতা : বয়স ১৮ থেকে ৩০ বছর। ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে। একজন মাত্র একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন, তাঁকে ওই বিভাগের যে কোনো জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনে থাকতে হবে – নাম, বয়স, পিতা/মাতার নাম, স্থায়ী ঠিকানা, প্রথাগত শিক্ষা, লিঙ্গ, বিভিন্ন কলায় পারদর্শীতার অভিজ্ঞতা (যদি থাকে), যোগাযোগের ফোন নম্বর। দিতে হবে আধার কার্ডের কপি ও ১ টি পাসপোর্ট সাইজের ছবি। ২০ /০৭ /২০২৪ এর মধ্যে workshop.pbna@gmail.com -এ মেইল করে আবেদন করবেন। সাক্ষাৎকারের জন্য ডাক পেলে নিজের খরচায় আসতে হবে। নির্বাচিত হলে কর্মশালায় বিনা ব্যয়ে অংশগ্রহণ করা যাবে। শিবির শেষে শংসাপত্র পাওয়া যাবে।

যোগাযোগ : (০৩৩) ২২২৩ -১১৩২

সচিব
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

## ভারতের নতুন বিদেশ সচিব বিক্রম মিশ্রি, চীনকে নজরে রেখেই সিদ্ধান্ত?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ছিলেন চীনে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত। ২০২০ সালে গালওয়ান সংঘর্ষের পর উত্তেজনা কমাতে দিল্লি-বেইজিংয়ের মধ্যে বৈঠকে গুরুত্বপূর্ণ ভূমিকাও নিয়েছিলেন। এবার সেই 'চীন বিশেষজ্ঞ' বিক্রম মিশ্রিই হলেন ভারতের নতুন বিদেশ সচিব। সোমবার থেকে দায়িত্ব কাঁধে তুলে নিয়েছেন তিনি। এখন কূটনৈতিক মহলে প্রশ্ন, চীনকে নজরে রেখেই কি ভারতের এই সিদ্ধান্ত?

এতদিন ভারতের বিদেশ সচিবের দায়িত্ব সামলেছিলেন বিনয়মোহন কোয়াত্রা। তার মেয়াদ শেষ হওয়ার পরই সরকারের কাছে ১৯৮৯ ব্যাচের ফরেন সার্ভিস অফিসার বিক্রম মিশ্রির নাম সুপারিশ করে পররাষ্ট্রমন্ত্রণালয়। এর পর অ্যাপয়েন্টমেন্টস কমিটি সেই সুপারিশ মেনে কোয়াত্রার উত্তরসূরি হিসাবে বিক্রমকে নিয়োগ করে। ১৪ জুলাই, রবিবার ভারতের বিদেশনীতি ও জাতীয় নিরাপত্তায় উল্লেখযোগ্য অবদানের জন্য কোয়াত্রাকে ধন্যবাদ জানিয়ে আনুষ্ঠানিকভাবে বিদায় জানান পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর। আর সোমবার বিদেশ সচিবের কার্যালয়ে বিক্রম মিশ্রিকে অভিনন্দনও জানান তিনি।

এদিন এক্স হ্যান্ডেলে জয়শংকর লেখেন, 'আজ থেকে ভারতের বিদেশ সচিবের দায়িত্ব কাঁধে নিলেন শ্রী বিক্রম মিশ্রি। আগামিদিনে নতুন দায়িত্বের জন্য তাকে অনেক শুভেচ্ছা ও অভিনন্দন জানায় পররাষ্ট্রমন্ত্রণালয়।' বিক্রম মিশ্রি নাম এলেই সবার প্রথমে উঠে আসে চীনের প্রসঙ্গ। ২০১৯ থেকে ২০২১ সাল পর্যন্ত তিনি চীনে ভারতের রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত ছিলেন। ফলে বেইজিংয়ের অভ্যন্তরীণ রাজনীতি হোক বা কূটনীতি, সব কিছুই তার নখদর্পণে।

এরপর ৩ পাতায়

## জানুয়ারি মাস থেকেই শিরোনামে রয়েছে সন্দেশখালি





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** জানুয়ারি মাস থেকেই শিরোনামে রয়েছে সন্দেশখালি। রেশন দুর্নীতি কাণ্ডের তদন্তে সেখানকার 'বাঘ' শেখ শাহজাহানের বাড়িতে গিয়েছিল ইডি। কেন্দ্রীয় এজেন্সির ওপর হামলা হতেই পাল্টে যায় সম্পূর্ণ চিত্র। ইতিমধ্যেই গ্রেফতার হয়েছেন শাহজাহান।উল্লেখ্য, এর আগে সন্দেশখালির দাপুটে নেতার আর এক ভাই শেখ আলমগির সিবিআই-র হাতে গ্রেফতার হয়েছেন। পরবর্তীতে 'শোন অ্যারেস্ট' দেখিয়ে ইডি-ও তাঁকে গ্রেফতার করে। শাহজাহানের দুই সঙ্গী শিবু হাজরা ও দিদারবক্স মোল্লাও গ্রেফতার হয়েছেন। কেন্দ্রীয় এজেন্সি সূত্রে জানা যাচ্ছে, সন্দেশখালির বুকে জমি দখল, ভেড়ি দখল, রেশন দুর্নীতি সহ বেশকিছু মামলায় জেরার জন্যই ওই তিন ব্যক্তিকে তলব করা হয়েছে।এবার আরও তিনজনকে তলব করল কেন্দ্রীয় এজেন্সি। তাঁদের Parts ফাঁস হতেই শুরু হয়েছে চর্চা।কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সূত্রে জানা যাচ্ছে, ফের একবার সিজিও কমপ্লেক্সে তলব করা হয়েছে শাহজাহানের ভাই শেখ সিরাজুদ্দিনকে। একইসঙ্গে ডাকা হয়েছে সন্দেশখালির 'বাঘের জামাই' এবং তাঁর গাড়ির চালককে। যদিও এই প্রথম নয়, এর আগেও এই তিনজনকে তলব করা হয়েছিল। তবে কোনও বারই তাঁরা ED-র ডাকে সাড়া দেননি।

কেন্দ্রীয় এজেন্সি সূত্রে জানা যাচ্ছে, আগামী বৃহস্পতিবার এবং শুক্রবার শাহজাহানের ভাই, জামাই এবং গাড়ির চালককে তলব করা হয়েছে। এবারও হাজিরা এড়ালে তাঁদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়ার কথা ভাবনাচিন্তা করা হচ্ছে বলে খবর।এদিকে সিরাজুদ্দিনকে তলব করা হলেও, এখনও অবধি তাঁর কোনও সন্ধান পাওয়া যায়নি। ED আধিকারিকদের অনুমান, তদন্ত থেকে বাঁচার জন্য তিনি গা ঢাকা দিয়েছেন। তদন্তকারী সংস্থা সূত্রে খবর, ২০১৮ থেকে ২০২৪ সাল অবধি সন্দেশখালি ও ন্যাজাট থানায় নারী নির্যাতন, এলাকাবাসীর ওপর জুলুম, জমি জবরদখলের যে সকল অভিযোগ দায়ের করা হয়েছে, তাতে শাহজাহান ছাড়াও শিবু হাজরা এবং অন্যান্যদের নাম ছিল। সেই মামলার সূত্র ধরেই শাহজাহানের ভাই সিরাজুদ্দিনকে একাধিকবার তলব করা হয়েছিল বলে খবর।

## হকার বিরোধী নীতি ও সবজির মূল্যবৃদ্ধির বিরুদ্ধে রাজপথে বিজেএমসি




**জয়দীপ যাদব : কলকাতা : নিউজ সারাদিন :** মধ্য কলকাতার সেন্ট্রাল অ্যাভিনিউতে বিজেএমসির মিছিল জেরে যানজট দেখা দেয়।ভারতীয় জনতা মজদুর সেলের সমর্থকরা রাস্তায় নেমে মমতা সরকারের বিরুদ্ধে স্লোগান দেয়।বিজেএমসির জাতীয় সভাপতি মিঠু চ্যাটার্জি এবং বিজেএমসির সর্বভারতীয় উপদেষ্টা বিশ্বপ্রিয় রায় চৌধুরী সাংবাদিকদের সাথে কথা বলার সময় জানান, বাংলার মানুষ বিশেষত সবজির দাম বৃদ্ধিতে সমস্যায় পড়েছে। বাংলার সরকার কোনো বিকল্প ছাড়াই হকারদের বিরুদ্ধে দমন-পীড়ন চালাচ্ছে। এমন পরিস্থিতিতে হকার বিরোধী নীতি ও সবজির মূল্যবৃদ্ধির বিরুদ্ধে রাজপথে নামতে হয়েছে। সংগঠনের উত্তর কলকাতার নেতৃত্বে ওই মিছিল বের করা হয়। সমাবেশে উপস্থিত ছিলেন বিজেএমসির রাজ্য সহ-সভাপতি নারায়ণ চ্যাটার্জি, উত্তর কলকাতা বিজেএমসি সভাপতি রাজু আয়েঙ্গার, জিএস নেপাল চক্রবর্তী, দক্ষিণ কলকাতার আহ্বায়ক অভিজিৎ গুহ, সহ-আহ্বায়ক রাম দাস, ডাঃ তাপস কুন্ডু, সাগর গৌর, নৃপেন ঘোষ প্রমুখ।

## ভিড়ের মাঝে পুলিশকে লক্ষ্য করে গুলি ছোড়া হয়



**দক্ষিণ ২৪ পরগনা: নিউজ সারাদিন :** প্রতারণায় অভিযুক্ত এক ব্যক্তিকে গ্রেফতার করতে গিয়ে গ্রামবাসীদের হামলার মুখে পড়ল পুলিশ। অভিযোগ, মারধর করা হয় কুলতলি থানার পুলিশ কর্মীদের। এমনকি গুলিও ছোড়া হয়। পরে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।পুলিশসূত্রে জানা গেছে, দুই নম্বর জ্বালাবেড়িয়া গ্রাম পঞ্চায়েতের পয়তারহাটে নকল সোনা বিক্রির চক্র সক্রিয়। খবর পেয়ে তদন্তে গিয়েছিল পুলিশ। অভিযোগ, ভিড়ের মাঝে পুলিশকে লক্ষ্য করে গুলি ছোড়া হয়। ওই এলাকায় দুষ্প্রাপ্য মূর্তি পাচার চক্রও সক্রিয়। দীর্ঘদিন ধরেই নানা অভিযোগ আসছিল। তার ভিত্তিতেই এদিন অভিযান চালায় পুলিশ।অভিযুক্ত সাদ্দাম লস্কর পলাতক। তার পরিবারের দুই মহিলাকে আটক করেছে পুলিশ।

পুলিশ সূত্রে জানা গেছে, নকল সোনার কারবারির বিরুদ্ধে প্রতারণার একাধিক অভিযোগ পেয়ে ওই ব্যক্তির বাড়িতে হানা দেয় পুলিশ। তাকে গ্রেফতার করে নিয়ে আসার সময় পরিবারের লোকজন তাকে ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। পুলিশকে মারধর করে তারা। এক রাউন্ড গুলিও চালায়। এই ঘটনায় সোমবার সকালে তুমুল উত্তেজনা ছড়ায় কুলতলির দুই নম্বর জ্বালাবেড়িয়া গ্রাম পঞ্চায়েতের পয়তারহাটে।

এই ডামাডোলের মধ্যেই মূল অভিযুক্ত পালিয়ে যায়। খবর পেয়ে বিশাল পুলিশবাহিনী ঘটনাস্থলে পৌঁছয়। ঘটনাকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা ছড়িয়েছে কুলতলিতে।

## রাজ্যে হকার নিয়ে নিজের ক্ষোভের কথা জানিয়ে দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** গত মাসের শেষ দিকে নবান্নের সভা থেকে কলকাতা সহ রাজ্যে হকার নিয়ে নিজের ক্ষোভের কথা জানিয়ে দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই বৈঠক থেকে তিনি দাবি করেছিলেন যে, ভিন রাজ্যের বাসিন্দারা এ রাজ্যের রাস্তায় হকারি করতে এসে রাস্তা এবং ফুটপাত দখল করে নিচ্ছে।কলকাতা পুরনিগম সূত্রে জানা গিয়েছে, এর পরে একটি পূর্ণাঙ্গ সমীক্ষা রিপোর্ট তৈরি করে তা পাঠানো হবে মুখ্যমন্ত্রীর কাছে। সেই রিপোর্টে ভিন রাজ্যের বাসিন্দাদের কলকাতা শহরে হকারি করার বিষয়টি উল্লেখ করা হবে। যে হেতু মুখ্যমন্ত্রীর নির্দেশেই এই সমীক্ষা হচ্ছে, তাই ওই বিষয়ে তিনিই চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। চলতি মাসের শেষে কিম্বা অগস্ট মাসের প্রথম সপ্তাহে সমীক্ষার পূর্ণাঙ্গ রিপোর্ট তৈরি হয়ে যাবে। তার পরে তা জমা পড়তে পারে নবান্নে। ২০১৫ সালের তালিকা অনুযায়ী কলকাতা শহরে ২ লক্ষ ৭৫ হাজার হকার থাকার কথা। কিন্তু সমীক্ষায় জানা গিয়েছে, গত ৯ বছরে ওই সংখ্যা প্রায় দ্বিগুণ হয়ে গিয়েছে। প্রায় ৫ লক্ষ হকার রয়েছেন এখন শহর কলকাতার বুকে। একই সঙ্গে জানা গিয়েছে, কলকাতা শহরের উড়ালপুলগুলির নীচে হকার-সহ পাকাপাকি ভাবে দোকান ও ঘরবাড়ি তৈরি করে ফেলার মতো বিষয়টিও পুরনিগম যথেষ্ট গুরুত্ব সহকারে বিবেচনা করছে। শহরের অনেক জায়গায় কাগজকুড়ানি, গৃহহীন, ভবঘুরেরা রাতে ফুটপাথেই থেকে যাচ্ছেন। বিশেষত, উড়ালপুলগুলির নীচের অংশ 'দখল' করে নিচ্ছেন। তাঁদের সরাতে পুলিশের সাহায্য নেওয়ার সিদ্ধান্তও নেওয়া হয়েছে।এবার মুখ্যমন্ত্রীর সেই দাবিকেই কার্যত মান্যতা দিয়ে দিল কলকাতা পুরনিগমের হকার সমীক্ষা। কেননা সেই সমীক্ষায় এমন হকারদের সন্ধান পেয়েছে, যাঁরা মূলত বিহার ও ঝাড়খণ্ডের বাসিন্দা। কেউ কেউ আছেন উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, রাজস্থান, গুজরাত থেকেও। আর আছেন ওড়িশার মানুষেরা। শুধু তাই নয়, সমীক্ষায় উঠে এসেছে কলকাতা শহরের রাস্তা ও ফুটপাতের বিরাট অংশ জুড়ে রয়েছেন ভিন রাজ্যের বাসিন্দারাই।মুখ্যমন্ত্রীর নির্দেশের পর কলকাতা পুরনিগমের তরফে ১৫০ জন পুরকর্মীকে হকার সমীক্ষার বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। সমীক্ষার কাজ করতে এক একটি হকার জোনে কমবেশি ১০টি করে দল নেমেছিল। প্রতিটি দলে ৪-৫ জন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী ওই কাজ শুরু করেন। শহরের বিভিন্ন এলাকায় ৪০টি এমন 'টিম' নামানো হয়েছিল। কোন রাস্তায় কত হকার বসছেন, তাঁদের নাম, ঠিকানা-সহ যাবতীয় তথ্য অ্যাপে নথিভুক্ত করতে বলা হয়। সমীক্ষক দলটি যে তথ্য এবং নথি হাতে পেয়েছে, তাতে দেখা যাচ্ছে, কলকাতা শহরে হকারি করে কার্যত রাজত্বপাট চালাচ্ছেন ভিন রাজ্যের বাসিন্দারাই। সমীক্ষায় নেমে হকারদের কাছ থেকে তাঁদের ঠিকানা, মোবাইল নম্বর, আধার নম্বর, প্যান ইত্যাদি সংগ্রহ করছিল পুরনিগমের সমীক্ষক দলগুলি। ওই সমস্ত তথ্য হাতে আসার পরেই কলকাতা শহরে ভিন রাজ্যের হকারদের উপস্থিতির কথা জানা গিয়েছে। সমীক্ষার রিপোর্টে এমন তথ্য উঠে আসার কথা জানতে পেরেছেন কলকাতা পুরনিগমের শীর্ষ আধিকারিকেরাও।







## সিপিএমের দ্বিচারিতার রাজনীতি?

**এনএনএস: নিউজ সারাদিন :** প্রাক্তন সিপিএম সাধারণ সম্পাদক প্রকাশ কারাত, তার অনুগামী এস রামচন্দ্র পিল্লাই, বৃন্দা কারাত ও কেরালার মুখ্যমন্ত্রী পিলারাই বিজয়নদের উপদল ২৬-এ বিধানসভা নির্বাচনে কেরালায় কংগ্রেসের সঙ্গে কোন জোট বা আসন ভিত্তিক সমঝোতার সম্ভাবনা নাকচ করে দিয়েছেন। কারাত লবি তামিলনাড়ুতে ডি এম কের সঙ্গে জোটে থাকতে সক্রিয়। তামিলনাড়ু বিধানসভা নির্বাচনে সি পি এম-ডি এম কে জোটেরই শরিক থাকতে চায়।

অন্যদিকে, সীতারাম ইয়েচুরির নেতৃত্বে কংগ্রেস ঘেঁষা বেঙ্গল লাইনপন্থীরা ২৬-এর বিধানসভা নির্বাচনে বিজেপিকে হারাতে ও বিকল্প ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক সরকার গঠনের স্বার্থে কংগ্রেস ও অন্য ধর্মনিরপেক্ষ শক্তির সঙ্গে জোট চাইছেন। পশ্চিমবঙ্গ, আসামেও এই জোট চাইছেন। পশ্চিমবঙ্গ, অসমে ২৬-এর বিধানসভা নির্বাচনে কংগ্রেস-সি পি এমের জোট বা নির্বাচনী সমঝোতা যথেষ্ট উজ্জ্বল বলেই মনে করছেন রাজনৈতিক মহল।

পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেস, বামেরা সামান্য হলেও হারানো জমি ফেরত পেতে আশাবাদী। অসমে বাম-কংগ্রেস নানা ইস্যুতে আন্দোলনের পথে। কিন্তু প্রকাশ কারাত কেরালায় কংগ্রেস ও বিজেপি উভয়ের বিরুদ্ধে লড়াই করতে চান। তেমনি পশ্চিমবঙ্গে সি পি এম তৃণমুল-বিজেপির বিরুদ্ধে অসমে বিজেপির বিরুদ্ধে নির্বাচনী লড়াইয়ে নামতে চলেছে। অসমে কংগ্রেসের সঙ্গে বামেদের জোট সম্ভাবনা উজ্জ্বল বলেই মনে করা হচ্ছে।

সদ্য সমাপ্ত লোকসভা নির্বাচনে বামেরা কোণঠাসা। লোকসভা নির্বাচনে মূলতঃ ডি এম কে সুপ্রিমো স্তালিনের সৌজন্যে সি পি এম ও সি পি আই ২টি করে মোট চারটি আসন জিতেছে। রাজস্থানে তীব্র বিজেপি বিরোধী হাওয়াকে ভর করেই কংগ্রেসের প্রত্যক্ষ সমর্থন ও অশোক গেহলটদের প্রচারে ভর করে সি পি এমের অমর রাম শিকার কেন্দ্রে বিজয়ী হন। একইভাবে কংগ্রেস ও রাষ্ট্রীয় জনতা দলের মদতেই বিহারে সি পি আই(এম এল)-লিবারেশন ২টি আসন জিতে চমক দেখিয়েছে।

২৬-এ কেরালা, অসম, তামিলনাড়ু ও পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচন। এই নির্বাচনে সি পি এম সহ বামপন্থীরা ইন্ডিয়া জোটের বড় শরিক কংগ্রেস ও ডি এম কের বদান্যতার দিকেই তাকিয়ে। একমাত্র কেরালাতেই কংগ্রেসের ইউ ডি এফ ও সি পি এমের এল ডি এফের ১৪০ আসনেই লড়াই অনিবার্য। কেরালায় বিজেপির ১৭ শতাংশ ভোট প্রাপ্তি ও ত্রিশুরে গেরুয়া শিবিরের জয়ে চিন্তায় প্রকাশ কারাত-বিজয়নরা। বিজেপি-আর এস এস কেরালায় হিন্দুত্বের রাজনীতি ও সাম্প্রদায়িক মেরুকরণে উৎসাহী। বিজেপির কৌশল পশ্চিমবঙ্গ, ত্রিপুরার মত সি পি এম-বামেদের পিছনে ঠেলে কংগ্রেসের বিকল্প শক্তি হয়ে ওঠা।

২৬-এ সি পি এম অসমে কংগ্রেস, তামিলনাড়ুতে ডি এম কে-কংগ্রেস, পশ্চিমবঙ্গে কংগ্রেসের সঙ্গে জোটে যেতে চায়। কেরালায় রাজনৈতিক দ্বিচারিতা থেকে কংগ্রেসের সঙ্গে বন্দগুত্বপূর্ণ গড়াপেটা ফুটবল ম্যাচে নামতে চাইছেন কারাত-বিজয়নরা।

## বড় সিদ্ধান্ত রেলের -- ৪৬ টি ট্রেনে বাড়ছে সাধারণ বগির সংখ্যা,

# কমে যাবে রেলের পরিবহন খরচ



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** ভারতীয় রেল এবার সাধারণ শ্রেণীর কামরা বাড়ানো সিদ্ধান্ত নিয়েছে। সাধারণ এবং নন এসি স্লিপার কামরা একাধিক গুরুত্বপূর্ণ ট্রেনে কমে গেছে বলে অভিযোগ সামনে এসেছে। এর ফলে অনেক সময় বাড়তি টাকা খরচ করে দূরপাল্লার ট্রেনে যাত্রা করতে হচ্ছে বলে অভিযোগ। এই অভিযোগ খতিয়ে দেখে সাধারণ কামরার চাপ রয়েছে এমন ৪৬টি ট্রেনকে বেছে নিয়েছে ভারতীয় রেল।

এই ৪৬ টি ট্রেনে ৯২ টি সাধারণ শ্রেণীর কামরা যোগ করা হবে বলে রেল সূত্রে জানা গেছে। এর পাশাপাশি আরো ২২টি ট্রেনে সাধারণ কামরা যোগ করার কথাও ভাবা হয়েছে। খুব শীঘ্রই এই বিষয় সিদ্ধান্ত নেওয়া হবে। রেল সূত্রে আরও জানা গেছে যে সমস্ত ট্রেনে সাধারণ বগি যোগ করা হচ্ছে সেগুলো বেশিরভাগই দক্ষিণ ও পশ্চিম ভারতগামী। কারণ ওইসব ট্রেনে পরিযায়ী শ্রমিকরা উত্তর-পূর্ব ভারতের একাধিক রাজ্য থেকে দেশের বিভিন্ন অংশে কর্মস্থলে যান। এছাড়াও দক্ষিণ ভারতে বহু মানুষ প্রায় সারা বছরই চিকিৎসা করাতে যান। তারাও এইসব ট্রেন ব্যবহার করে থাকেন। এছাড়া রেল সূত্রের খবর পূর্ব রেলের ৩৫টি ট্রেনে যেখানে এসি থ্রি টায়ার বগির সংখ্যা কমিয়ে দিয়ে সেখানে যোগ করা হচ্ছে সাধারণ দ্বিতীয় শ্রেণীর কোচ। যে সমস্ত ট্রেনে এসি থ্রি টায়ার কোচের সংখ্যা কমিয়ে সাধারণ কোচের সংখ্যা বাড়ানো হচ্ছে সেইসব ট্রেনগুলি হল হাওড়া যোধপুর, কলকাতা গোয়ালিয়ার, হাওড়া বিকানের, কলকাতা জয়নগর এক্সপ্রেস এবং মুম্বাই মেল এর মত একাধিক ট্রেন। রেলের আধিকারিকরা আশা প্রকাশ করছেন এতে যাত্রী পরিবহন খরচ কমার পাশাপাশি সুবিধাও হবে।

## ২০২৪-এর জুন মাসে ভারতের মোট রপ্তানি ৫.৪০% হারে বৃদ্ধি;

## ২০২৪-এর এপ্রিল থেকে জুন পৌন:পুনিক সার্বিক রপ্তানি বৃদ্ধির হার ৮.৬০%

**নয়াদিল্লি, ১৫ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** ২০২৪-এর জুন মাসে ভারতের মোট রপ্তানি (পণ্য ও পরিষেবা মিলে) ৬৫.৪৭ বিলিয়ন মার্কিন ডলার হয়েছে বলে প্রাথমিক হিসাবে প্রকাশ। ২০২৩-এর জুন মাসের তুলনায় ৫.৪০% বেশি। ২০২৪-এর জুন মাসে মোট আমদানি (পণ্য ও পরিষেবা মিলে) ৭৩.৪৭ বিলিয়ন মার্কিন ডলার হতে পারে বলে ধরা হয়েছে যা ২০২৩-এর জুন মাসের তুলনায় ৬.২৯ শতাংশ বেশি। ২০২৪-এর এপ্রিল থেকে জুন মাসে ভারতের মোট রপ্তানি দাঁড়িয়েছে ২০০.৩৩ বিলিয়ন মার্কিন ডলার। বৃদ্ধির হার ৮.৬০%। ওই একই সময় মোট আমদানির মূল্য দাঁড়িয়েছে ২২২.৮৯ বিলিয়ন ডলার। বৃদ্ধির হার ৮.৪৭%। ২০২৪-এর জুন মাসে পণ্য রপ্তানির পরিমাণ ৩৫.২০ বিলিয়ন ডলার। ২০২৩-এর জুনে এই পরিমাণ ছিল ৩৪.৩২ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৪-এর জুনে পণ্য আমদানি হয়েছে ৫৬.১৮ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৩-এর জুন মাসে এই পরিমাণ ছিল ৫৩.৫১ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৪-এর এপ্রিল থেকে জুন মাসে পণ্য রপ্তানি হয়েছে ১০৯.৯৬ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৩-এর একই সময়ে এই পরিমাণ ছিল ১০৩.৮৯ বিলিয়ন মার্কিন ডলার।

২০২৪-এর এপ্রিল থেকে জুন মাসে পণ্য আমদানি হয়েছে ১৭২.২৩ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৩-এর এপ্রিল থেকে জুন মাসে এই পরিমাণ ছিল ১৬০.০৫ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৪-এর এপ্রিল থেকে জুন মাসে পণ্য বাণিজ্যে ঘাটতির পরিমাণ ৬২.২৬ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৩-এর এপ্রিল থেকে জুন মাসে এই ঘাটতির পরিমাণ ছিল ৫৬.১৬ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৪-এর জুন মাসে পেট্রোলিয়াম নয় এমন দ্রব্য এবং রত্ন নয় এমন দ্রব্য ও গহনা রপ্তানির পরিমাণ ছিল ২৭.৪৩ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৩-এর জুন মাসে এর পরিমাণ ছিল ২৫.২৯ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৪-এর এপ্রিল থেকে জুন মাসে রপ্তানির পরিমাণ ছিল ৮১.৯০ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৩-এর ওই সময়ে পরিমাণ ছিল ৭৭.৩৩ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৪-এর জুন মাসে পেট্রোলিয়াম নয় এমন দ্রব্য এবং রত্ন নয় এমন দ্রব্য ও গহনা (সোনা, রুপা ও দামী ধাতু) আমদানির পরিমাণ ছিল ৩৬.০৬ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৩-এর জুন মাসে এই পরিমাণ ছিল ৩৩.৬৬ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৪

-এর এপ্রিল থেকে জুন মাসে এর পরিমাণ ছিল ১০৫.৩৫ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৩-এর ওই একই সময় এর পরিমাণ ছিল ১০২.১০ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৪-এর জুন মাসে পরিষেবা রপ্তানি হয়েছে ৩০.২৭ বিলিয়ন মার্কিন ডলার মূল্যে। ২০২৩-এর জুন মাসে এই পরিমাণ ছিল ২৭.৭৯ বিলিয়ন মার্কিন ডলার। এপ্রিল থেকে জুন মাসে ৯০.৩৭ বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পরিষেবা রপ্তানি হয়েছে। ২০২৩

-এর একই সময় এর পরিমাণ ছিল ৮০.৫৭ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৪-এর জুন মাসে পরিষেবা আমদানির পরিমাণ ছিল ১৭.২৯ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৩-এর জুন মাসে এই পরিমাণ ছিল ১৫.৬১ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৪-এর এপ্রিল থেকে জুনে ৫০.৬৭ বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পরিষেবা আমদানি হয়েছে। ২০২৩-এর একই সময়ে এই পরিমাণ ছিল ৪৫.৪৫ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৪-এর এপ্রিল থেকে জুন মাসে পরিষেবা বাণিজ্যে উদ্বৃত্ত হয়েছে ৩৯.৭০ বিলিয়ন মার্কিন ডলার। ২০২৩-এর এপ্রিল থেকে জুন মাসে উদ্বৃত্তের পরিমাণ ছিল ৩৫.১২ বিলিয়ন মার্কিন ডলার।






১-ম পাতার পর

## দুই পক্ষের সওয়াল জবাব শোনার পর রাজ্যপাল বনাম মুখ্যমন্ত্রীর মামলার শুনানি মুলতুবি রাখলেন বিচারপতি কৃষ্ণা রাও

আইনজীবী আরো বলেন "তারা বিভিন্ন ব্যক্তি বা মহিলাদের থেকে অভিযোগ পেয়েছেন যে রাজভবনের কি ঘটেছিল তাই তাঁরা রাজভবনে যেতে ভয় পাচ্ছেন। তাহলে এখন প্রশ্ন সেই ব্যক্তি বা মহিলা কে বা কারা? কারো এই ধরনের অভিযোগ সম্পর্কে ব্যক্তিগত জ্ঞান নেই"। দুই পক্ষের সাওয়াল জবাব শোনার পর বিচারপতি কৃষ্ণা রাও শুনানি মুলতুবি রাখার পাশাপাশি আদালতে এ বিষয় কোন পর্যবেক্ষণ রাখেনি। এমনকি কোন অন্তর্বর্তী নির্দেশও দেননি।

১-ম পাতার পর

# প্রচলিত ধারণা রয়েছে, জগন্নাথের সেই রত্নভান্ডার আগলে রেখেছে সাপ

মহারাজের কাছে। তিনি বলেন, "তাঁর থেকে চাবি নিয়েই বাইরের রত্নকক্ষে প্রবেশ করেছি আমরা।" তিনি আরও জানিয়েছেন, সেখানে থাকা অলঙ্কার মন্দির চত্বরেই 'অস্থায়ী স্ট্রং রুম'-এ রাখা হয়েছে। জেলাশাসকের উপস্থিতিতে তা সিল করে দেওয়া হয়েছে। তবে ভিতরের কক্ষে প্রবেশের জন্য ভাঙা হয় তালা।

১-ম পাতার পর

# পিএইচডির স্বপ্ন পূরণ করতে আরও কিছুটা এগিয়ে গেলেন মাওবাদী নেতা অর্ণব দাম

স্বপ্নের কাছে। পিএইচডির স্বপ্ন পূরণ করতে আরও কিছুটা এগিয়ে গেলেন মাওবাদী নেতা অর্ণব দাম। বর্ধমান বিশ্ববিদ্যালয় সূত্রে খবর, সোমবারই কাউন্সেলিং রয়েছে অর্ণবের। তার আগে, রবিবার হুগলির সংশোধনাগার থেকে বর্ধমান কেন্দ্রীয় সংশোধনাগারে নিয়ে আসা হল অর্ণব, ওরফে বিক্রমকে। তবে স্বপ্নের এত কাছে আসা মোটেই সহজ ছিল না অর্ণবের। ছোট থেকে মেধাবী ছাত্র হলেও মাঝপথে পড়াশোনা ছেড়ে দেন তিনি।

২০১০ সালের শিলদায় EFR ক্যাম্পে মাওবাদী হামলার ঘটনায় যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত হন। এরপর সংশোধনাগারে ফের শুরু করেন পড়াশোনা। জেল থেকে SET-এ উত্তীর্ণ হওয়ার পর, PhD করার ইচ্ছেপ্রকাশ করেন তিনি। আদালতের অনুমতি নিয়ে পুলিশি নিরাপত্তায় বর্ধমান বিশ্ববিদ্যালয়ে এসে পিএইচডি-র জন্য ইন্টারভিউ দেন মাওবাদী নেতা। বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে PhD করার যোগ্যতা নির্ণায়ক পরীক্ষায় প্রথম হন। অ্যাকাডেমিক স্কোর ও ইন্টারভিউয়ের প্রাপ্ত নম্বরের নিরিখে সর্বোচ্চ নম্বর পান তিনি। তারপর হঠাৎ স্থগিত করে দেওয়া হয় ইতিহাস বিভাগে ভর্তির প্রক্রিয়া।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের তরফে জেল কর্তৃপক্ষকে চিঠি দিয়ে জানতে চাওয়া হয় কীভাবে ক্লাসে সশরীরে উপস্থিত থাকবেন অর্ণব? সেক্ষেত্রে তাঁকে নিরাপত্তা কারা দেবেন? পিএইচডির বিষয়ে জেলের ঊর্ধ্বতন কর্তৃপক্ষ অনুমতি দিয়েছে কি না? যেহেতু তিনি প্রথম স্থান অধিকারী, তাই ভর্তি প্রক্রিয়ার জটিলতা এড়াতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গৌতম চন্দ্র বলেছিলেন, 'অফলাইন কোর্স ওয়ার্কের ক্ষেত্রে, সশরীরে উপস্থিত থাকতে হয়। অর্ণব দাম-এর নাম যেহেতু মেরিট লিস্টে প্রথমেই আছে এবং ভর্তি প্রক্রিয়া যেহেতু তালিকা অনুযায়ী পর্যায়ক্রমে হয় তাই ভর্তি প্রক্রিয়ার জটিলতা এড়াতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চিঠি দিয়েছে সংশোধনাগার কর্তৃপক্ষকে। জানতে চেয়েছে, কীভাবে উপস্থিত থাকবেন অর্ণব দাম এবং নিরাপত্তা ব্যবস্থা কী

২ পাতার পর

## ভারতের নতুন বিদেশ সচিব বিক্রম মিশ্রি, চীনকে নজরে রেখেই সিদ্ধান্ত?

২০২০ সালের ১৫ জুন গালওয়ান উপত্যকায় মুখোমুখি হয় ভারত ও চীনের ফৌজ। রক্তক্ষয়ী সেই সংঘর্ষে ২০ জন ভারতীয় জওয়ান নিহত হন। এর পরই দুদেশের মধ্যে পরিস্থিতি ক্রমেই উত্তপ্ত হয়ে ওঠে। সেসময় উত্তেজনা কমাতে দিল্লি ও বেইজিংকে আলোচনায় বসানোর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন বিক্রম। কীভাবে নানঞ্চৈনিক চাল;কে মাত দেয়া যায় তা ভালোই জানেন বিক্রম।

## থিরু কে কামরাজের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেছেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ১৫ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী থিরু কে কামরাজের জন্মবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করেছেন। প্রধানমন্ত্রী এক্স-এ পোস্ট করেছেন;

"থিরু কে কামরাজকে স্মরণ করি তাঁর জন্মবার্ষিকীতে। দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্ব এবং দরিদ্র মানুষের উন্নয়নে তাঁর প্রয়াসের জন্য তিনি প্রভূত শ্রদ্ধা অর্জন করেছিলেন। শিক্ষার মতো ক্ষেত্রে তাঁর অবদান অতুলনীয়। তাঁর আদর্শ পূরণে এবং ন্যায়নিষ্ঠ ও সহমর্মী সমাজ গড়ে তুলতে আমাদের দায়বদ্ধতা পুনরায় প্রকাশ করছি।"

## নেপালের প্রধানমন্ত্রী নিযুক্ত হওয়ায় কে পি শর্মা ওলি-কে অভিনন্দন প্রধানমন্ত্রীর

**নয়াদিল্লি, ১৫ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** কে পি শর্মা ওলি নেপালের প্রধানমন্ত্রী নিযুক্ত হওয়ায় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী তাঁকে অভিনন্দন জানিয়েছেন। ভারত ও নেপালের মধ্যে বন্ধুত্বের গভীর বন্ধন আরও মজবুত করতে এবং পারস্পরিক সুবিধার লক্ষ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও প্রসারিত করতে ঘনিষ্ঠভাবে কাজ করার আশাপ্রকাশ করেছেন তিনি। এক্স বার্তায় শ্রী মোদী বলেছেন;

"নেপালের প্রধানমন্ত্রী নিযুক্ত হওয়ায় @kpsharmaoli-কে অভিনন্দন। আমাদের দুই দেশের মধ্যে বন্ধুত্বের গভীর বন্ধন আরও মজবুত করতে এবং পারস্পরিক সুবিধা ও দু-দেশের মানুষের প্রগতি ও সমৃদ্ধির লক্ষ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও প্রসারিত করতে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য উন্মুখ হয়ে রয়েছি। @PM_nepal।"

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৯৩ সংখ্যা ১৬ জুলাই, ২০২৪ মঙ্গলবার ৩১ আষাঢ়, ১৪৩১

৯৬ বর্গকিলোমিটার আয়তনের

## বিশাল তেলের খনির সন্ধান কুয়েতে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মধ্যপ্রাচ্যের উপসাগরীয় অঞ্চলের তেলসমৃদ্ধ দেশ কুয়েত আর একটি বড় জ্বালানি তেলের খনির সন্ধান পেয়েছে। দেশটির জ্বালানি তেলে অনুসন্ধান, উত্তোলন ও বিপননকারী সরকারি কোম্পানি কুয়েত পেট্রোলিয়াম কর্পোরেশনের (কেপিসি) শেখ নাওয়াফ সৌদ নাসির রোববার এক ভিডিওবার্তায় এ তথ্য নিশ্চিত করেছেন।

সামাজিক সেই ভিডিওবার্তায় শেখ নাওয়াফ বলেন, পারস্য উপসাগর অঞ্চলে কুয়েতের ফাইলাকা দ্বীপে পাওয়া গেছে এই খনির সন্ধান। প্রায় ৯৬ বর্গকিলোমিটার আয়তনের এ খনিটিতে অন্তত ৩২০ কোটি ব্যারেল (এক ব্যারেল=১৫৯ লিটার) তেল রয়েছে বলে ধারণা করা হচ্ছে।

ভিডিওবার্তায় তিনি আরও বলেন, বর্তমান খনিগুলো থেকে এক বছরে কুয়েত সর্বমোট যে পরিমাণ পেট্রোলিয়াম উৎপাদন তার তিনগুণেরও বেশি তেলের মজুত রয়েছে নতুন এই খনিটিতে।

পরে এক বিবৃতিতে কেপিসি জানিয়েছে, নতুন এই খনিটিতে ২১০ কোটি ব্যারেল পেট্রোলিয়াম এবং ৫ লাখ ১০ হাজার কোটি ঘনফুট জ্বালানি গ্যাস রয়েছে প্রাথমিক অনুসন্ধানে জানা গেছে। এই দুই জ্বালানি উপাদান মিলিয়ে খনিজ তেলের মোট পরিমাণ ধরা হয়েছে ৩২০ কোটি ব্যারেল।

প্রসঙ্গত, উপসাগরীয় অঞ্চলের তেলসমৃদ্ধ অপর দুই দেশ সৌদি আরব-সংযুক্ত আরব আমিরাত জ্বালানি তেলের ওপর নির্ভরশীলতা কমাতে সম্প্রতি বিভিন্ন পদক্ষেপ নিলেও কুয়েতের অর্থনীতি এখনও সম্পূর্ণভাবে পেট্রোলিয়ামের ওপর নির্ভরশীল। ধারণা করা হয়, শতকরা হিসেবে বিশ্বের মোট তেলের মজুতের ৪ শতাংশ রয়েছে ১৭ হাজার ৮১৮ কিলোমিটার আয়তনের এই দেশটিতে।

জ্বালানি তেল উত্তোলন ও রপ্তানিকারী দেশগুলোর জোট ওপেক প্লাসের তথ্য অনুসারে, এই মুহূর্তে কুয়েত বিশ্বের তৃতীয় বৃহত্তম জ্বালানি তেলের যোগানদাতা এবং প্রতি বছর দেশটি ১০৪ কোটি ব্যারেল তেল উত্তোলন করে।

## সম্পাদকীয়

### প্রতিটি দফতরকে বিদ্যুৎ সাশ্রয়ের নির্দেশ

পাঁচটি দফতর ও কিছু সরকারি সংস্থার বকেয়া বিদ্যুৎ বিলের পরিমাণ প্রায় ১৬০০ কোটি টাকা এই তথ্য সামনে আসার পরেই সম্প্রতি প্রশাসনের সর্বোচ্চ স্তর থেকে উষ্মা প্রকাশ করা হয়েছিল বলে নবান্ন সূত্রের খবর। তার পরেই, গত ২ জুলাই মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা নির্দেশিকা (পিও/ও/সি-VI/৩এম-০১/২০২৪) জারি করে প্রতিটি দফতরকে বিদ্যুৎ সাশ্রয় করতে বলেছেন।এই সব নির্দেশ মানা হচ্ছে কি না তা দেখতে প্রতিটি প্রশাসনিক ভবনের জন্য এক জন নোডাল অফিসার নিয়োগ করতে বলেছেন মুখ্যসচিব। বিদ্যুৎ দফতর তাঁদের প্রশিক্ষণ দেবে। বিদ্যুৎ সাশ্রয় লক্ষ্য হলেও প্রশাসনিক ভবনগুলির নিরাপত্তা যাতে বিঘ্নিত না হয়, সে দিকেও নজর থাকবে প্রশাসনের। নির্দেশিকায় বলা হয়েছে, ভবনগুলির সিঁড়িতে যাতে পর্যাপ্ত আলো থাকে, তা নিশ্চিত করতে হবে। সিসি টিভি ঘরের আলো বন্ধ রাখা যাবে না। ভবনে প্রবেশ ও প্রস্থানের পথ আলোকিত রাখতে হবে।তবে সেই নির্দেশিকায় বকেয়া বিদ্যুৎ বিলের প্রসঙ্গ নেই। রয়েছে বিদ্যুৎ সাশ্রয় কেন প্রয়োজন, তার ব্যাখ্যা। মুখ্যসচিবের নির্দেশ, প্রয়োজন না পড়লে, বিশেষ করে টিফিনের সময়ে ফ্যান ও আলো বন্ধ রাখতে হবে। ব্যবহার না হলে বিদ্যুৎ চালিত যন্ত্র বন্ধ রাখতে হবে। জানলার পাশে এবং অন্য জায়গা থেকে অপ্রয়োজনীয় বিদ্যুতের আলো সরিয়ে ফেলতে হবে। জানলা দিয়ে বাতাস চলাচল বাধামুক্ত রাখতে হবে, যাতে ফ্যানের ব্যবহার কমানো যায়। দিনের বেলায় যতটা সম্ভব সূর্যের আলোয় কাজ করতে হবে। প্রয়োজন না থাকলে কম্পিউটার, শীতাতপ নিয়ন্ত্রক যন্ত্র বন্ধ রাখতে হবে। টিউবলাইটে ব্যবহার করতে হবে 'ইলেকট্রনিক চোখ'। বাড়াতে হবে এলইডি আলোর ব্যবহার। শীতাতপ নিয়ন্ত্রক যন্ত্রের তাপমাত্রা ২৫ ডিগ্রি রাখতে হবে। আলোর সর্বোত্তম ব্যবহারের জন্য 'মোশন সেন্সর লাইট' বসানো যেতে পারে। পুরসভা ও পঞ্চায়েত এলাকায় বিকেল সাড়ে ৫টা থেকে ভোর সাড়ে ৫টা পর্যন্ত পথবাতি জ্বলবে। এর জন্য 'অটো টাইমার সিস্টেম' ব্যবহার করতে হবে। সরকারি ভবনগুলির ছাদে সৌর প্যানেল বসানোয় উৎসাহ দিতে হবে সংশ্লিষ্ট দফতরগুলিকে।

# পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



মৃত্যুঞ্জয় সরদার
(চতুর্থ পর্ব)



বাংলার বৈষ্ণব ধর্মের মত উচ্চনীচ ভেদাভেদ ঘুচিয়ে দেয়। তামিল ভাষায় রচিত হয় ভক্তিবাদী 'দেবারম্ স্তোত্র। লিঙ্গায়ৎ সম্প্রদায় হয় শৈব দর্শন অনুসরণকারী। দক্ষিণী আগম শাস্ত্রের মত শিব পুরাণ ও লিঙ্গপুরাণ রচিত হয়েছে উত্তর ভারতে। দ্বাদশ জ্যোতির্লিঙ্গ ও অতিকায় শিবমন্দির ছড়িয়ে আছে সারা ভারতে। তামিল 'শিবপ্পু' বা রক্তবর্ণ থেকে হয়তো শিব শব্দের উৎপত্তি। রাঢ়ের রক্ত মৃত্তিকার সঙ্গে কান্তারবাসী রুদ্র শিবের মিল অনেক। বাংলায় তিনি গঞ্জিকাসেবী ভুঁড়িওয়ালা এক আলাভোলা ব্যক্তি। চৈত্র সংক্রান্তিতে নীলাবতীর সঙ্গে তাঁর বিয়ে। মালদা মুর্শিদাবাদে গাওয়া হয় গমীরা ও গম্ভীরা। কথিত আছে, এক সাধু শিব ঠাকুরকে একদিন প্রশ্ন করেছিলেন, কে ছিল তার বাবা? এই প্রশ্নের উত্তরে শিব জানিয়েছিলেন, ব্রহ্মা ছিলেন তার বাবা। এরপরই ফের আবার সেই সাধুটি শিব ঠাকুরের কাছে জানতে চায়, তার দাদুর নাম কি ছিল? শিব জানায়, তার দাদু ছিলেন বিষ্ণু। কিন্তু এই উত্তর জেনেও দমে থাকেন নি সাধু। তিনি জানতে চান, শিবের প্রপিতামহ কে ছিলেন? এই প্রশ্নের উত্তর শুনে চমকে যান ওই সাধু। শিব জানায়, সে নিজেই নিজের প্রপিতামহ। কেন বলেছিলেন জানেন, সে কথায় অনুসন্ধানে যা বেরিয়ে এলে সেটি আপনাদের সামনে পরিবেশন করছে!ব্রহ্মা ও

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# এক্স হ্যান্ডেলে ১০০ মিলিয়ন ছাড়াল মোদির ফলোয়ার




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সামাজিক যোগাযোগমাধ্যমে জনপ্রিয়তা বেড়েই চলেছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির। বিশ্বের সব রাষ্ট্রনেতাকে টপকে এবার মাইক্রোব্লগিং সাইট 'এক্স' হ্যান্ডেলে ১০০ মিলিয়ন ফলোয়ারের মালিক হলেন তিনি।

এক্স (সাবেক টুইটার) এ যুক্ত হওয়ার মাত্র ১৫ বছরের মধ্যেই জনপ্রিয়তার শিখরে উঠলেন ভারতের টানা তিনবারের প্রধানমন্ত্রী মোদি। এর মধ্য দিয়ে বিশ্বের মধ্যে সবচেয়ে বেশি ফলোয়ারের মালিক হলেন তিনি।

এক্স হ্যান্ডেলে মোদির ফলোয়ারের সংখ্যা ১০০ মিলিয়ন পার করলেও মোদি ফলো করেন মাত্র ২ হাজার ৬৭১ জনকে। তথ্যানুযায়ী, ২০০৯ সালে গুজরাটের মুখ্যমন্ত্রী থাকাকালীন টুইটারে অ্যাকাউন্ট খোলেন মোদি। পরবর্তীতে ইলন মাস্কের মালিকানায় চলে যাওয়ার পর সেই টুইটার হয়ে এক্স। টুইটারে যোগ দেওয়ার মাত্র ১ বছরের মধ্যে মোদির ফলোয়ার সংখ্যা ১ লাখ ছাড়িয়ে যায়। জুলাই ২০২০ সালে এই সংখ্যা পৌঁছায় ৬০ মিলিয়নে।

এদিকে, ভারতের লোকসভার বিরোধীনেতা রাহুল গান্ধীর ফলোয়ার সংখ্যা মাত্র ২৬.৪ মিলিয়ন।

# হত্যাচেষ্টার পর প্রথম সাক্ষাৎকারে যা বললেন ট্রাম্প



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প পেনসিলভানিয়া অঙ্গরাজ্যের একটি নির্বাচনি সভায় হত্যাচেষ্টার শিকার হয়েছিলেন। তবে তিনি অল্পের জন্য বেঁচে যান। বুলেটটি তার কান ছুঁয়ে বেরিয়ে যায়। ফের জীবন লাভ করা ট্রাম্প একে দেশকে ঐক্যবদ্ধ করার সুযোগ হিসাবেই দেখছেন।

সোমবার রিপাবলিকান পার্টির জাতীয় সম্মেলনের চূড়ান্ত প্রস্তুতি নিতে ট্রাম্প এরই মধ্যে উইসকনসিনের মিলওয়াকিতে পৌঁছেছেন। মিলওয়াকিতে যাওয়ার পথে গণমাধ্যমের সঙ্গে কথা বলেন ট্রাম্প। জানান তার মৃত্যুর মুখোমুখি হওয়ার অভিজ্ঞতার কথা। হত্যাচেষ্টার পর এটিই ট্রাম্পের প্রথম সাক্ষাৎকার।

ওয়াশিংটন এক্সামিনার পত্রিকাকে ট্রাম্প বলেন, 'আমি জনতার দিক থেকে অন্যদিকে তেমন তাকাই না। ওই মুহূর্তে আমি যদি তা না করতাম, তাহলে আজ আমরা এখানে কথা বলতাম না, বলতাম কি?'

ট্রাম্পের ধারণা, গুলির ঘটনার সময় তিনি তার বক্তব্যের লিখিত একটি অংশ দেখার জন্য পোডিয়ামের দিকে ঝুঁকেছিলেন। মূলত এ কারণেই তিনি হত্যাচেষ্টা থেকে বেঁচে যান। ট্রাম্প জানান, তার চিকিৎসকেরা তাকে বলেছেন, তার ফিরে আসা একটি 'অলৌকিক ঘটনা'। যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় গত শনিবার সন্ধ্যা সেয়া ৬টার দিকে পেনসিলভানিয়ায় নির্বাচনি প্রচারের সময় ট্রাম্পের ওপর গুলি তার ডান কান ছুয়ে বেরিয়ে যায় গুলি।

মিলওয়াকির রিপাবলিকান কনভেনশনেই ট্রাম্পকে আনুষ্ঠানিকভাবে রিপাবলিকান পার্টির প্রার্থী হিসেবে ঘোষণা করা হবে। বৃহস্পতিবার সেখানে মঞ্চে ভাষণও দেবেন ট্রাম্প। সেই ভাষণের কথাগুলোই সম্পূর্ণ নতুনভাবে লিখছেন বলে ট্রাম্প জানিয়েছেন।

# সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সমস্ত কিছুর মধ্যে দিয়ে নিজেকে এবং নিজস্বতাকে প্রমাণ করতে চায়, তাই নিজস্বতার কারণে অন্যের থেকে স্বতন্ত্র হয়ে পড়ে। এই স্বাতন্ত্র্য শুধু ব্যক্তির ক্ষেত্রে নয়, তা সমাজেরও। এমনিই একটি সমাজ জীবন দেখতে পাব সুন্দরবনের লোকজীবনে এবং বনবিবি সংস্কৃতিতে। লোকায়ত সংস্কৃতি লোকসমাজের প্রতিটি মানুষের গোষ্ঠীগত ঐতিহ্যবাহিত এবং লালিত মহান সৃষ্টি।সুন্দরবনের ভৌগোলিক অবস্থান ঠিক কোন জায়গায় সেটি আমাদের অনেকেরই অজানা।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

# 'ইন্ডিয়ান টু' নিয়ে নতুন ইতিহাস তৈরির অপেক্ষায় কমল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** তামিল সিনেমা 'ইন্ডিয়ান টু' মুক্তির পর নানা দিক থেকে রেকর্ড ভেঙে নতুন ইতিহাস তৈরি করবে বলে আশা করেছেন ভারতের দক্ষিণী সিনেমার অভিনেতা কমল হাসান।

পিংকভিলা লিখেছে, এ সিনেমার একটি প্রচার অনুষ্ঠানে 'ইন্ডিয়ান টু'র অভিনেতা বলেন, তিনি মনে করেন সিনেমাটি 'দারুণ কিছু একটা' হয়ে উঠবে। বলেন, "সেন্সর বোর্ডের কর্তাব্যক্তিরা সাধারণত সিনেমা নিয়ে বেশি কথাবার্তা বলেন না। কিন্তু তারাও এই কাজটির প্রশংসা করেছেন।"


আড়াইশ কোটি রুপি বাজেটের 'ইন্ডিয়ান টু' তে কমলের সঙ্গে অভিনয় করেছেন রাকুল প্রীত সিং, কাজল আগারওয়ালসহ আরও অনেকে। সিনেমাটটি পরিচালনা করেছেন এস শংকর, চিত্রনাট্য লিখেছেন পরিচালক নিজে। আর সংগীত পরিচালনা করেছে অনিরুদ্ধ রবিচন্দ্র।

এই তামিল সিনেমাটির প্রথম কিস্তি মুক্তি পায় ১৯৯৬ সালে। এরপর কমল নিজে চেয়েছিলেন এর দ্বিতীয় পর্ব করতে। অভিনেতার সেই ইচ্ছা পূরণে সময় লেগে গেল আড়াই দশকের বেশি।

২০১৯ সালে 'ইন্ডিয়ান টু'র শুটির শুরু হলেও এরপরে কাজ বন্ধ হয়ে যায় ২০২০ সালের কোভিড মহামারীতে। এছাড়া শুটিংয়ের সময় চেন্নাইয়ের একটি স্টুডিওতে ক্রেন ভেঙে পড়ে মৃত্যু হয় সহকারী পরিচালক কৃষ্ণসহ তিনজনের, আহত হয়েছিলেন অন্তত ১০ জন। ওই দুর্ঘটনার জন্যেও শুটিং বন্ধ ছিল অনেকদিন। তারপর শুটিংসহ অন্যান্য কাজ শেষে সিনেমাটি এখন মুক্তির অপেক্ষায় রয়েছে।

সংবাদ সম্মেলনে কমল বলেন, 'ইন্ডিয়ান থ্রি'র অপেক্ষায় রয়েছেন তিনি। তাহলে কী দ্বিতীয় কিস্তি ভালো হয়নি? সংবাদ সম্মেলনে এই প্রশ্নে কমল বলেন, "'সাম্বর, রসম (দক্ষিণ ভারতীয় খাবার) ভালো খাবার। কিন্তু সবাই অপেক্ষা করেন পায়েস খাওয়ার জন্য। আমিও সেটাই বোঝাতে চেয়েছি। 'ইন্ডিয়ান টু' অবশ্যই ভালো। আমাদের সবার এত পরিশ্রম আছে এই সিনেমায়। 'ইন্ডিয়ান থ্রি'ও ততটাই ভালো হবে বলে আমি মনে করছি।"

# শাহরুখের বিরুদ্ধে অভিনয় নকল করার অভিযোগ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** অভিনয় জগতের অন্যতম সেরা তারকা বলিউড বাদশাহ শাহরুখ খান। তার অভিনয়ের জুড়িমেলা ভার। তবে এবার তার সেই অভিনয় নিয়েই বিস্ফোরক দাবি করেছেন পাকিস্তানি অভিনেতা তৌকির নাসির।

এই অভিনেতার দাবি, ২০০৬ সালে 'কাভি আলবিদা না ক্যাহনা' সিনেমায় তার চরিত্র নকল করেছেন শাহরুখ। শাহরুখ এবং করণ জোহরকে তাদের ছবিতে ক্রেডিট না দেয়ার অভিযোগও করেছেন।

তৌকির নাসির বলেছেন, শাহরুখ পাকিস্তানি নাটক 'পারওয়াজ'-এ তার চরিত্র 'কাভি আলবিদা না ক্যাহনা'-তে হুবহু নকল করেছেন। ইউটিউব চ্যানেল 'জবরদস্ত উইথ ওয়াসি শাহ'-কে দেয়া একটি সাক্ষাৎকারে তৌকির নাসির এমনটা দাবি করেন।

নাসির বলেন, 'কাভি আলবিদা না ক্যাহনা'-তে শাহরুখ খানের চরিত্রকে যেভাবে আহত দেখানো হয়েছে, সেটাও তার চরিত্র থেকে নেয়া হয়েছে।

তিনিবলেন, 'কভি আলবিদা না ক্যাহনা' ছবিতে শাহরুখের ভূমিকা ছিল পাকিস্তানি নাটক 'পারওয়াজ'-এ যে চরিত্রে অভিনয় করেছি তার অনুলিপি। এমনকী ছবিতে দেখানো আহত পায়ের দৃশ্যটি আমার নাটক থেকেই নেয়া হয়েছে। 'পারওয়াজ'-এর গল্প অবলম্বনে তৈরি হয়েছে এই ছবি।

তৌকির আরো বলেন, শাহরুখ প্রায়শই তার কাজের প্রশংসা করতেন এবং অন্যদেরও শুভেচ্ছা পাঠাতেন। তিনি একজন অত্যন্ত প্রতিভাবান অভিনেতা। কিন্তু অভিনেতা তার কাজের জন্য কৃতিত্ব না পেয়ে দুঃখ পেয়েছিলেন।

'কাভি আলবিদা না ক্যাহনা' মুক্তি পায় ২০০৬ সালে। শাহরুখ খান ছাড়াও এই সিনেমায় দেখা গেছে অভিষেক বচ্চন, প্রীতি জিন্তা, রানি মুখোপাধ্যায়, কিরণ খের এবং অমিতাভ বচ্চনকে। প্রেম এবং বিবাহবহির্ভূত সম্পর্কের উপর ভিত্তি করে তৈরি হয়েছে ছবির গল্প।

# সুহানাকে নিয়ে নিউ ইয়র্কে শাহরুখ, ভিডিও ভাইরাল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মেয়ের সঙ্গে দোকানে ঘুরে ঘুরে কেনাকাটা করছেন বলিউড বাদশা। বেঞ্চে বসে পায়ে গলিয়ে দেখছেন নতুন জুতা, কোনটা কেনা যায়!

শাহরুখ খান ও কন্যা সুহানা খানের এমনই মুহূর্তের ভিডিও ভাইরাল হয়েছে সামাজিক যোগাযোগমাধ্যমে। মাত্র ২৪ ঘণ্টায় সেই ভিডিও দেখে ফেলেছেন কোটি কোটি মানুষ। এই মুহূর্তে শাহরুখ খান সপরিবারে রয়েছেন নিউ ইয়র্ক শহরে। সেখানেই একটি বিপণীতে তার দেখা মিলল, সঙ্গে মেয়ে।



ছেলেমেয়ের সঙ্গে শাহরুখের সম্পর্ক খুবই গভীর। যেকোনও অনুষ্ঠানে আব্রামের হাত ধরে নিয়ে যান শাহরুখ। মেয়ে সুহানার সঙ্গেও তার সম্পর্ক গভীর। দীর্ঘদিন পর ২০২৩ সালটি শাহরুখের অভিনয় জীবনে নতুন পালক যোগ করেছে। 'পাঠান', 'জাওয়ান', 'ডাঙ্কি'র সাফল্যের পর এবার তিনি তৈরি হচ্ছেন ওকিঙ্গ-এর জন্য। এই ছবিতেই প্রথমবার তিনি অভিনয় করবেন মেয়ে সুহানার সঙ্গে। ২০২৩ সালে সুহানাও বলিউডে পা রেখেছেন। জোয়া আখতারের 'দ্য আর্চিজ' ছবিতে অভিনয় করেছেন তিনি।

সম্প্রতি সকন্যা শাহরুখ ধরা পড়েছেন এক ভারতীয় 'কনটেন্ট ক্রিয়েটর'-এর ক্যামেরায়। জুতার দোকানে তিনিও কেনাকাটা করতে গিয়েছিলেন। সেখানেই শাহরুখের সঙ্গে দেখা। অনেকেই বলেন, রাস্তাঘাটে দেখা হলে শাহরুখ মোটেও তার ভক্তদের সঙ্গে ভাল ব্যবহার করেন না। কিন্তু ওই ভারতীয় 'কনটেন্ট ক্রিয়েটর' দাবি করেন, "শাহরুখ মোটেও রূঢ় ব্যবহার করেননি। যারাই তার সঙ্গে কথা বলতে গিয়েছেন তাদের সবার সঙ্গেই কথা বলেছেন তিনি।"

# দীপিকার চুলের মুঠি ধরে সেদিন যা করেন শাশ্বত চ্যাটার্জি





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বক্স অফিস জুড়ে চলছে এখন শুধুই 'কল্কি ২৮৯৮ এডি' এর ঝড়। নাগ অশ্বিন পরিচালিত এই সিনেমাটিই চলতি বছরের অন্যতম বড় বাজেটের সিনেমা। ছবিতে অভিনয় করেছেন অমিতাভ বচ্চন, দীপিকা পাড়ুকোন, কমল হাসান ও শাশ্বত চট্টোপাধ্যায়। এ বাংলা ইন্ডাস্ট্রির প্রতিনিধিত্ব করেছেন শাশ্বত।

এদিকে অন্তঃসত্ত্বা অবস্থায় 'কল্কি ২৮৯৮ এডি' ছবির শুটিং করছিলেন অভিনেত্রী দীপিকা পাড়ুকোন। ছবিতে রয়েছে বেশ কিছু লড়াইয়ের দৃশ্য। এমনই একটি দৃশ্য নিয়ে কথা বললেন অভিনেতা শাশ্বত চট্টোপাধ্যায়।

সম্প্রতি এক সাক্ষাৎকারে শাশ্বত চট্টোপাধ্যায় বলেন, একটি দৃশ্য রয়েছে যেখানে আমি ওর চুলের মুঠি ধরে টেনে নিয়ে যাই। ছবির একেবারে শেষ পর্যায়ের শুটিং ছিল এটি। মুম্বাইয়ে শুটিংটা হয়েছিল কারণ সেই সময়ে দীপিকা অন্তঃসত্ত্বা ছিলেন। অনেক শারীরিক কসরত ছিল ওই দৃশ্যে। রণবীরকে বলেছিলাম, চিন্তা করো না। কঠিন দৃশ্যে বডি ডাবল ব্যবহার করা হবে। রণবীরও খুব বিনয়ী। ও শুনে হেসে বলে, আচ্ছা দাদা।

তিনি জানান, এই দৃশ্যের শুটিংয়ের সময় সেটে উপস্থিত ছিলেন রণবীর সিংহ। লড়াইয়ের দৃশ্যে দীপিকার অতিরিক্ত খেয়াল রাখবেন ও নিজেও সতর্ক থাকবেন, রণবীরকে এমন আশ্বাস দিয়েছিলেন শাশ্বত। প্রয়োজনে দীপিকার বদলে তার বডি ডাবল ব্যবহার করার কথাও জানানো হয়েছিল।

নিজের চরিত্রের ব্যাপারে শাশ্বত বললেন, খলনায়কের ভূমিকায় অভিনয় করেছি। এর বেশি এখন আর বলতে পারব না। প্রচুর মার খেয়েছি। মারের চোটে শেষে মরে গিয়েছি। দক্ষিণী ছবির অ্যাকশন সম্পর্কে কারও কোনও ধারণাই নেই। যে পোশাকে আমায় দেখছেন সেই পোশাকেরই ওজন পাঁচ কেজি! ওই ভারী পোশাক পরে মারপিট করতে হয়েছে। দিন শেষে ঘাড় ব্যথা হয়ে যেত।

উল্লেখ্য, চলচ্চিত্রটি ৩১০০ খ্রিস্টপূর্বাব্দ থেকে ২৮৯৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত সময়কালকে পৌরাণিক বিজ্ঞান কল্পকাহিনি ধারা হিসাবে সেট করে। ভৈরব, যিনি পোস্ট-অ্যাপোক্যালিপটিক শহর কাশীতে বাস করেন, কমপ্লেক্সে যাওয়ার জন্য পর্যাপ্ত ইউনিট পেতে চান। অন্যদিকে, শম্ভালা নামে একটি শহরও রয়েছে, যা দলিতদের জন্য একটি শরণার্থী শিবির। এদিকে, অশ্বত্থামা, যিনি সুমাথির সন্তান সুম ৮০ কে রক্ষা করার শপথ নিয়েছেন।

'কল্কি ২৮৯৮ এডি' ছবিটিতে ভৈরব নামে এক শিকারীর গল্প বলা হয়েছে। ক্যাম্পাসে নিজের জীবন গড়ার বিশাল উচ্চাকাঙ্ক্ষা তার। তিনি কীভাবে অশ্বত্থামা (অমিতাভ) এবং সুম ৮০ (দীপিকা) সঙ্গে পথ অতিক্রম করেন, তা নিয়েই এগোয় গল্পটি। কমল হাসান কমপ্লেক্সের শাসক সুপ্রিম ইয়াসকিনের চরিত্রে অভিনয় করেছেন। ছবিতে মৃনাল ঠাকুর, আন্না বেন, বিজয় দেবেরাকোন্ডা, দুলকার সালমান এবং ব্রহ্মানন্দমের মতো তারকারা অতিথি চরিত্রে অভিনয় করেছেন।

# শুটিংয়ে দুর্ঘটনায় অন্ধও হয়ে যেতে পারতেন কার্তিক



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** 'চান্দু চ্যাম্পিয়ন' সিনেমার ভারতের প্রথম প্যারালিম্পিকে স্বর্ণ জয়ী মুরলীকান্ত পেটকর হতে কার্তিক আরিয়ানকে কেবল ১৮ কেজি ওজনই ঝরাতে হয়নি, শুটিংয়ে একটি দুর্ঘটনায় চোখেরও ক্ষতি হতে পারত এই অভিনেতার।

এ সিনেমার শুটিং স্পটে একটি বিস্ফোরণ ঘটেছিল আরিয়ানের একেবারে চোখের সামনে। তবে তৎক্ষণাৎ চিকিৎসায় চোখ বাঁচানো সম্ভব হয় বলে জানিয়েছেন আরিয়ান। ইন্ডিয়া টুডে লিখেছে, সম্প্রতি এক সাক্ষাৎকারে শুটিংয়ের সেই অভিজ্ঞতা তুলে ধরেন আরিয়ান।

তিনি বলেন, সেদিন একটি দৃশ্য ছিল যে, রাস্তার ডানদিক ধরে আমাদের দৌড়াতে হবে। কিন্তু নির্দিষ্ট স্থানে পৌঁছানোর সঙ্গে সঙ্গে একটি বড় বিস্ফোরণ হয়। যা হওয়ার কথা না। আসলে আমাদের ওই স্পটে পৌঁছানোর পর বিস্ফোরণ হওয়ার কথা। কিন্তু সময়ের হিসেবে গড়মিল হয়েছিল। ঠিক আমার ডান চোখের সামনে সেই বিস্ফোরণ হয়। আমি প্রচণ্ড ভয় পেয়ে যাই, কারণ চোখ খুলতে পারছিলাম না।

বিস্ফোরণের জন্য ডান চোখের মধ্যে ধুলোবালি ও ছাই ঢুকেছিল বলে জানান আরিয়ান। তিনি বলেন, সৌভাগ্যের কথা হল, কোনো ধারালো বস্তুর কণা চোখে যায়নি। তবে সঙ্গে সঙ্গে কাজ শুরু করতে পারিনি। আমাদের মেডিকেল টিম দৌড়ে আসে। চিকি ৎসকরা আমার চোখ পরীক্ষা করেন।

আরিয়ান জানান, চোখ ভালোভাবে পানি দিয়ে ধুয়ে ওষুধ লাগাতে হয়। অনেকটা সময় বিশ্রাম নিয়ে ফের তিনি শুটিং শুরু করেন।

কবীর খান পরিচালিত 'চান্দু চ্যাম্পিয়ন' মুক্তি পেয়েছে গত ১৪ জুন। সিনেমায় আরিয়ান ছাড়াও অভিনয় করেছেন বিজয় রাজ, যশপল শর্মা ও রাজপাল যাদব।

এই চরিত্র নিয়ে আরিয়ানের ভাষ্য, এ ধরনের চরিত্রে অভিনয় করা মানে, গল্প আপনার ভেতরে অসাধ্য সাধন করার ইচ্ছাশক্তি জাগিয়ে তুলবে। এছাড়া কঠোর পরিশ্রম আপনার কাছে প্রাধান্য পাবে। সমালোচকরা বলছেন 'চান্দু চ্যাম্পিয়ন' সিনেমায় ক্যারিয়ার সেরা অভিনয় করেছেন এই অভিনেতা।

# কলম্বিয়াকে কাঁদিয়ে কোপার চ্যাম্পিয়ন আর্জেন্টিনা




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কলম্বিয়াকে হারিয়ে কোপা আমেরিকা টুর্নামেন্ট জিতেছে আর্জেন্টিনা। এ নিয়ে টানা দ্বিতীয়বার কোপা আমেরিকা জিতল আর্জেন্টিনা এবং এর মাধ্যমে উরুগুয়েকে টপকে আর্জেন্টিনা মহাদেশীয় এ টুর্নামেন্ট সর্বোচ্চ ১৬ বার জয় করলো। যুক্তরাষ্ট্রের হার্ড রক স্টেডিয়ামে আজ সোমবারের ফাইনালে লিওনেল স্কালোনির দল জেতে ১-০ গোলে। আর্জেন্টিনার হয়ে একমাত্র গোল করেন লাউতারো মার্তিনেজ।

মিয়ামির হার্ডরক স্টেডিয়ামে সোমবার সকালে ফাইনাল মহারণ শুরুর আগেই ছড়ায় উত্তাপ। তবে সেটা স্টেডিয়াম গেটের বাইরে। টিকিটবিহীন দর্শকদের হাঙ্গামার কারণে ম্যাচ ১ ঘণ্টা ২০ মিনিট দেরিতে শুরু হয়। বাংলাদেশ সময় ভোর ৬টায় শুরু হওয়ার কথা থাকলেও দেরিতে ৭টা ২০ মিনিটে খেলা শুরু হয়। নির্ধারিত ৯০ মিনিটের খেলায় হয়নি কোনও গোল। এতে অতিরিক্ত সময়ে গড়ায় কোপা আমেরিকার ৪৮তম আসরের ফাইনাল। এবারের কোপা আমেরিকার ফাইনালে আসরের সর্বোচ্চ গোলদাতা মাঠে নামেন বদলি হিসেবে। সেই লাউতারো মার্টিনেজই দুর্দান্ত এক শটে ভাঙেন ডেডলক। ম্যাচের ১১১ মিনিটে লিড পেয়ে যায় আর্জেন্টিনা। মাঝমাঠ থেকে থ্রু বল পাঠিয়েছিলেন জিওভানি লো সেলসো। বদলি নামা এই মিডফিল্ডারের সেই পাস খুঁজে নেয় লাউতারো মার্টিনেজকে। সেখান থেকে ঠাণ্ডা মাথার ফিনিশে বল জালে পাঠান লাউতারো মার্টিনেজ। চলতি আসরে এটি তার ৫ম গোল। মার্টিনেজের এই গোল ম্যাচের পার্থক্য গড়ে দেয়। নিজেদের ইতিহাসের ১৬তম কোপা আমেরিকার শিরোপা নিশ্চিত করে আর্জেন্টিনা। ম্যাচের প্রথম মিনিটেই সুযোগ পেয়েছিল আর্জেন্টিনা। মন্টিয়েলের ক্রস থেকে পা ছোঁয়ালেও তা লক্ষ্যে রাখতে পারেননি আলভারেজ। ষষ্ঠ মিনিটে প্রথম আক্রমণে যায় কলম্বিয়া। লুইস ডিয়াজের গড়ানো শট ঠেকিয়ে দলকে রক্ষা করেন গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ। পরের মিনিটেই রদ্রিগেজের বাড়নো বলে করডোভা শট করলে তার বারের ঠিক পাশ দিয়ে চলে যায়। যার ফলে এবারও হতাশ হতে হয় কলম্বিয়াকে। ১৩তম মিনিটে আবারও আক্রমণে যায় কলম্বিয়া। এবার রদ্রিগেজের বাড়ানো বলে কুয়েস্টা হেড করলে তা সহজে তালুবন্দী করেন মার্টিনেজ। ৩৩তম মিনিটে দারুন এক শট করেন লারমা। তবে মার্টিনেজের হাতে লেগে বল মাঠের বাহিরে চলে যায়। বাকি সময়ে আর তেমন কোনো সুযোগ তৈরি করতে না পারায় গোলশূণ্য বিরতিতে যেতে হয় দুইদলকে। এরপর ম্যাচের ৪৮তম মিনিটে গোলের দারুণ সুযোগ পেয়েছিল মেসিরা। তবে, ডি-বক্সের ভেতর বল পেয়েও গোল করতে পারেননি ম্যাক অ্যালিস্টার। এর মিনিট দশেক পর আরও একটি সুযোগ পেয়েছিল আর্জেন্টিনা। তবে, এবার ডি মারিয়ার শট অসাধারণ দক্ষতায় ঠেকিয়ে দেন কলম্বিয়ার গোলরক্ষক। ম্যাচের ৬৫তম মিনিটে বড় ধাক্কা খায় আলবিসেলেস্তারা। চোট পেয়ে কেঁদে মাঠ ছাড়েন লিওনেল মেসি। এরপর আরও বেশ কিছু আক্রমণ করলেও গোলের মুখ দেখেনি কেউ। এরপর নির্ধারিত ৯০ মিনিটে গোলের দেখা পায়নি কেউ। যদিও কলম্বিয়া অনেক সুযোগ পেয়েছিল। সুযোগ পেয়েছিল আর্জেন্টিনাও। কিন্তু কেউই পায়নি জালের নাগাল। ফলে ম্যাচ গড়ায় অতিরিক্ত সময়ে।

ম্যাচের ৯৫ মিনিটে দারুণ একটি গোলের সুযোগ তৈরি করেছিল আর্জেন্টিনা। এ সময় রদ্রিগো ডি পল ডি বক্সের মধ্যে নিকোলাস গঞ্জালেসকে বল বাড়িয়ে দেন। তিনি বল পেয়েই দ্রুত শট নেন। কিন্তু কলম্বিয়ার গোলরক্ষক ভার্গাস দ্রুত বলের লাইনে এসে ঝাপিয়ে পড়ে তালুবন্দি করেন বল। ১০৮তম মিনিটে সুযোগ পেয়েছিল কলম্বিয়াও। তবে, লিসান্দ্রোর অসাধারন ডিফেন্ডিংয়ে নিশ্চিত গোল হজমের হাত থেকে রক্ষা পায় আর্জেন্টিনা। তবে, ম্যাচের সবচেয়ে সুন্দর মুহূর্ত আসে ১১২ তম মিনিটে। লে সেলসোর বাড়ানো বলে দারুণ ফিনিশিং করেন মার্টিনেজ। এই গোলেই শিরোপা জয়ের আনন্দে ভাসেন আলবিলেস্তোরা।

# ডি মারিয়ার অবসর ইস্যুতে

## মুখ খুললেন স্কালোনি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কোপা আমেরিকা ও বিশ্বকাপের ফাইনালে গোল করে দলকে শিরোপা জেতাতে গুরুত্বপূর্ণ অবদান ছিল ডি মারিয়ার। রবিবার যখন তিনি চলতি কোপার ফাইনালে নামবেন, তখন আনন্দের সঙ্গে ডি মারিয়াকে ছুঁয়ে যাবে বিষাদও। কোপা আমেরিকার পর অবসরে যাবেন, আগেই জানিয়ে দিয়েছিলেন তিনি। ফাইনালে উঠার পরও বলেছেন একই কথা। তবে তাকে বুঝিয়ে রেখে দিতে চান আর্জেন্টিনা কোচ লিওনেল স্কালোনি।

তিনি বলেন, 'আমি জানি মারিয়ার ব্যাপারে কেমন অনুভব করি। আমরা চাই না সে প্রয়োজনের চেয়ে তাড়াতাড়ি অবসরে যাক। আমরা হতাশ হতে চাই না। আমাদের তাকে খেলতে দিতে হবে। এরপর দেখা যাক আমরা তাকে বোঝাতে পারি কি না (অবসর নেওয়ার ব্যাপারে)। কিন্তু এখন অবধি সে এখানে আছে, তাকে মুহূর্তটা উপভোগ করতে দিতে হবে।'

শুধু মারিয়াই নন, শোনা যাচ্ছে নিকোলাস ওটামেন্ডিও বিদায় বলবেন এবারের কোপার পর। অনিশ্চয়তা আছে লিওনেল মেসিকে নিয়েও। স্কালোনি বোঝাতে চাইলেও ডি মারিয়া অবশ্য ফাইনালে উঠার পরও বলেছেন, অবসর নেওয়ার ভাবনায় এখনও বদল আনেননি তিনি।

# নির্বাচক ওয়াহাব রিয়াজ ও

## রাজ্জাককে বরখাস্ত করল পাকিস্তান



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** পাকিস্তান ক্রিকেট দলের নির্বাচক কমিটি থেকে বরখাস্ত করা হলো ওয়াহাব রিয়াজ ও আবদুল রাজ্জাককে। বুধবার এক বিবৃতিতে এ বিষয়টি নিশ্চিত করেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)।

টি-টোয়েন্টি বিশ্বকাপে ভরাডুবি হয়েছে পাকিস্তান ক্রিকেট দলের। দ্বিতীয় রাউন্ডে উঠতে ব্যর্থ হওয়া পাকিস্তান হেরেছে যুক্তরাষ্ট্রের মতো দলের কাছেও। স্বাভাবিকভাবেই পাকিস্তান ক্রিকেটে একটা বড়সড় পরিবর্তন প্রত্যাশিত। সেই পরিবর্তনের শুরুটাই বোধ হয় শুরু হয়েছে নির্বাচক কমিটির দুই সদস্যকে সরিয়ে দিয়ে।

বিবৃতিতে পিসিবি জানিয়েছে, ওয়াহাব রিয়াজ ও আবদুল রাজ্জাক আর পাকিস্তানের নির্বাচক কমিটিতে থাকছেন না। রাজ্জাক পুরুষ ও নারী দুই দলেরই নির্বাচক ছিলেন, ওয়াহাব কেবল পুরুষ দলের নির্বাচক কমিটিতে ছিলেন। নির্বাচক কমিটি পুনর্গঠন করে পরে জানানো হবে।

# টেস্ট দলের সংখ্যা

## কমানোর মত দিলেন শাস্ত্রী



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** টেস্ট ক্রিকেটকে বলা হয় ক্রিকেটের কুলীন সংস্করণ। এই অভিজাত সংস্করণ খেলার মর্যাদা আছে ১২ দলের। তবে শক্তির তারতম্য থাকায় নিচের দিকের দলগুলো চ্যালেঞ্জ জানাতে পারছে না। এই সংখ্যাটা তাই ছয়-সাতে নামিয়ে আনার মত দিয়েছেন ভারতের রবি শাস্ত্রী। সাবেক এই ক্রিকেটার মনে করেন প্রতিদ্বন্দ্বিতার আবহ আনতে উত্তরণ ও অবনমনও চালু করা যেতে পারে।

রোববার ঐতিহ্যবাহী লর্ডসে মেরিলিবোর্ন ক্রিকেট ক্লাব আয়োজিত বিশ্ব ক্রিকেট সংযোগ অনুষ্ঠানে বিভিন্ন দেশের সাবেক ক্রিকেটাররা নানান মত তুলে ধরেছেন। বিশ্বজুড়ে টি-টোয়েন্টি ক্রিকেটের লোভনীয় বিস্তারের সঙ্গে ভারত, ইংল্যান্ড ও অস্ট্রেলিয়ার বাইরে টেস্টের আবেদন কমে যাওয়া অনেকদিন ধরে আলোচনায়।

যদিও সাম্প্রতিক সময়ে রোমাঞ্চকর বেশ কিছু টেস্টের দেখা মিলেছে। শেষ দিনে টানটান উত্তাপ টেস্ট ক্রিকেটের ক্লাসিক সৌন্দর্যেই তুলে ধরেছে গত কয়েক বছরেও।

তবে ভারতের প্রাক্তন ক্রিকেটার ও কোচ শাস্ত্রী বলেছেন টেস্ট ক্রিকেটকে প্রতিদ্বন্দিতাপূর্ণ করার একটাই উপায়, কেবল শক্ত দলকেই এই সংস্করণে খেলতে দেওয়া, 'আপনার যখন মান থাকবে না তখন রেটিং পড়ে যাবে। খুব অল্প মানুষই দেখে, একদম অর্থহীন ক্রিকেট হয় অনেক সময়।'

'এখন আপনার ১২টি টেস্ট দল আছে। এটাকে ছয়-সাত দলে নামিয়ে আনুন। উত্তরণ ও অবনমনের ব্যবস্থা চালু করুন।'

'আপনার দুইটা স্তর থাকতে পারে। কিন্তু সেরা ছয় দল টেস্টের আবেদন ধরে রাখবে।'

শাস্ত্রীর মতে ক্রিকেটের বৈশ্বিক বিস্তার হোক টি-টোয়েন্টি দিয়ে, টেস্ট থাকুক অল্প কয়েক দলের মধ্যে সীমাবদ্ধ, 'আপনি অন্য সংস্করণে খেলাটার বিস্তার করতে পারেন, যেমন টি-২০।'

১২ দলের টেস্ট মর্যাদা থাকলেও আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপ খেলতে পারছে ৯ দল। মর্যাদা থাকলেও জিম্বাবুয়ে, আয়ারল্যান্ড ও আফগানিস্তান আসলে সেভাবে টেস্ট খেলার সুযোগই পাচ্ছে না।

# ভারতের কোচ হয়েই

## গম্ভীরের 'অন্যরকম' বার্তা




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে গৌতম গম্ভীরকেই ভারতীয় ক্রিকেট দলের প্রধান কোচ হিসেবে নিয়োগ করেছে দেশটির ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। স্বাভাবিকভাবেই তাই বিশ্বকাপজয়ী দলের ওপর সমর্থকদের প্রত্যাশা থাকবে আরও বেশি। সেই প্রত্যাশার চাপে নুইয়ে না পড়ে দলকে আগামীতে আরও সাফল্য এনে দিতে চান গম্ভীর। ভারতের প্রধান কোচের চেয়ারে বসে সেই আশার বাণী শোনিয়েছেন গম্ভীর।

সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে গম্ভীর বলেন, 'দেশের হয়ে খেলা আমার জীবনের সেরা সম্মানের ছিল। জাতীয় দলে আবার ফিরতে পেরে খুশি, সে যতই অন্য ভূমিকায় হোক না কেন। কিন্তু আমার লক্ষ্য আগেও যা ছিল এখনই তাই। আর সেটা দেশকে গর্বিত করা। ১৪০ কোটি ভারতীয়ের দায়িত্ব রয়েছে নীল জার্সিধারীদের কাঁধে। তাদের স্বপ্ন সত্যি করার জন্য যেটা দরকার সেটাই করব।'

গম্ভীর বোর্ডের বিবৃতিতেও কথা বলেছেন। সেখানে তিনি বলেন, 'তেরঙা, আমার দেশবাসী এবং দেশের সেবা করার সুযোগ পেয়ে সম্মানিত। ভারতীয় দলকে সফল ভাবে এত দিন এগিয়ে নিয়ে যাওয়ার জন্য রাহুল দ্রাবিড় এবং ওর সাপোর্ট স্টাফদের ধন্যবাদ। জাতীয় দলের কোচ হওয়ার সুযোগ পেয়ে আমি সম্মানিত এবং উত্তেজিত। ক্রিকেট খেলার সময় দেশের জার্সি প্রতি বার পরার সময়ে গর্ববোধ করেছি। নতুন দায়িত্ব নেওয়ার পরেও তার কোনও বদল হবে না। ক্রিকেট আমার প্যাশন। বোর্ড, এনসিএ প্রধান ভিভিএস লক্ষ্মণ, সাপোর্ট এবং সবচেয়ে আগে, খেলোয়াড়দের সঙ্গে কাজ করার জন্য মুখিয়ে আছি। আগামী দিনে আরও অনেক প্রতিযোগিতায় দলকে সাফল্য এনে দিতে চাই।'

ভারতের হয়ে ২০০৭ টি-টোয়েন্টি ও ২০১১ সালে ভারতের বিশ্বকাপজয়ী দলের ওপেনার ছিলেন গম্ভীর। তার নেতৃত্বে কলকাতা নাইট রাইডার্স দুইবার আইপিএল শিরোপা জিতে। আইপিএলের সবশেষ আসরে কলকাতার মেন্টর হিসেবে দায়িত্ব নিয়ে তৃতীয় শিরোপা উপহার দেন গম্ভীর।

# অবসর নেওয়া জিরুকে নিয়ে

## যা বললেন ফ্রান্স কোচ




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ইউরোর ফাইনালে উঠার লড়াইয়ে স্পেনের কাছে ২-১ গোলে হেরেছে ফ্রান্স। এই ম্যাচের শেষদিকে বদলি হিসেবে নেমেছিলেন ওলিভার জিরুড। ফ্রান্সের ইতিহাসের সর্বোচ্চ গোলদাতা তিনি। দেশটির হয়ে ১৩৭ ম্যাচ খেলে ৫৭ গোল করেছেন জিরু, জিতেছেন ২০১৮ সালের বিশ্বকাপও। এবারের ইউরোতে অবশ্য বেঞ্চেই বেশির ভাগ সময় কেটেছে তার। সবমিলিয়ে ৫৬ মিনিট খেলতে পেরেছেন তিনি।

ইউরো শুরুর আগেই অবসরের কথা জানিয়েছিলেন জিরু। ইতালির ক্লাব এসি মিলান ছেড়ে পাড়ি জমিয়েছেন যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলাস এফসিতে। আন্তর্জাতিক ফুটবলকে বিদায় বলে দেওয়া জিরুর প্রশংসায় পঞ্চমুখ ছিলেন ফ্রান্সের কোচ দিদিয়ের দেশম। ফ্রান্সের কাছে হারের পর তিনি বলেন, 'তার অনেক ভালো মুহূর্ত ছিল কিন্তু কিছু কঠিন সময়ও। সে দীর্ঘ সময় টিকে থাকার, পেশাদারিত্ব ও সিরিয়াসনেসের উদাহরণ। এমনকি এবারের ইউরোতে সে খুব বেশি খেলার সুযোগ পায়নি, তবুও স্কোয়াডের সঙ্গে পুরোপুরি ছিল। সে একজন নেতা, আমি তাকে বলতে চাই ভালো করেছো, তোমাকে ধন্যবাদ।'

ফ্রান্সের হয়ে বিশ্বকাপ জেতার সঙ্গে ২০১৬ সালের ইউরো ও ২০২২ সালের বিশ্বকাপের ফাইনালে তুলেছেন জিরু। তার আরেক সঙ্গী আন্তোয়ান গ্রিজম্যানের ভবিষ্যৎ নিয়েও প্রশ্ন উঠেছে এবারের ইউরোতে। তবে ৩৩ বছর বয়সী অ্যাতলেতিকো মাদ্রিদ তারকা সমালোচকদের এক হাত নিয়েছেন। তিনি বলেন, 'আমি টুর্নামেন্টের শুরুটা ভালো করতে পারিনি কিন্তু ক্রমেই ভালো অনুভব করেছি। এমনকি বেঞ্চে থাকার পরেও। আমি ফিরে আসবো। সবকিছু দেওয়ার চেষ্টা করেছি, ভিন্ন পজেশনেও। আমাকে মানিয়ে নিতে হয়েছে। এটাই ফুটবলারের জীবন।'

# ফাইনালে আর্জেন্টিনা;

## শেষের ইঙ্গিত দিলেন মেসি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কোপা আমেরিকার প্রথম সেমিফাইনালে কানাডাকে ২-০ গোলে হারিয়ে ফাইনালে উঠেছে বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা। পুরো টুর্নামেন্টে ছন্দ খুঁজে না পাওয়া মেসি এদিন গোল পেয়েছেন। হয়েছেন ম্যাচসেরাও। ম্যাচ শেষে ক্যারিয়ারের শেষের ইঙ্গিত দিয়ে রেখেছেন মেসি।

১০ জুলাই যুক্তরাষ্ট্রের মেটলাইফ স্টেডিয়ামে কানাডার বিপক্ষে দাপটের সঙ্গেই জিতেছে আর্জেন্টিনা। সেমিফাইনালের আগে কোচ স্ক্যালোনি বলেছিলেন, মেসি ফিট থাকুক আর নাই থাকুক তাকে শুরুর একাদশে রাখবেন তিনি। আর কানাডার বিপক্ষে মাঠে নেমেই ঝলক দেখালেন মেসি। তবে ম্যাচ শেষে মেসি জানিয়ে দিলেন, শেষের ম্যাচগুলো খেলছেন তিনি।

মেসি বলেন, 'জানি এগুলো আমার শেষদিকের লড়াই। আমি এগুলো পুরোপুরি উপভোগ করছি। আবার ফাইনালে আসাটা সহজ ছিল না। আমাদের উপভোগ করতে হবে, প্রতিটি মুহূর্তকে উপভোগ করতে হবে।'

এদিকে টানা দ্বিতীয়বারের মতো কোপার ফাইনালে আর্জেন্টিনা। ম্যাচ শেষে মেসি জানিয়েছেন, এবারের যাত্রাটা সহজ ছিল না। মেসি বলেন, 'এই দলটা যা করেছে, এটা পাগলামী; আর্জেন্টিনা জাতীয় দল যা করছে তাও। এটার পর, অনেক বেশি গুরুত্ব দেওয়া হবে ফাইনাল খেলা খেলোয়াড়দের, যারা পুরোনো প্রজন্মের ছিল।'

কানাডার বিপক্ষে গোল করে ফুটবলের ইতিহাসে জাতীয় দলের জার্সিতে দ্বিতীয় সর্বোচ্চ গোলদাতা এখন মেসি। ইরানের কিংবদন্তী আলী দাঈ-এর ১০৯ গোলের রেকর্ডে ভাগ বসিয়েছেন এই আর্জেন্টাইন। আর মেসির উপরে এখন শুধু রয়েছেন পর্তুগালের ক্রিস্টিয়ানো রোনালদো।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR